গাংনীতে ৩২ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারি আটক

মেহেরপুরের গাংনী উপজেলায় র্যাবের অভিযানে ৩২ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারিকে আটক করা হয়েছে।

রোববার (২৮ জুন) দিবাগত রাত সাড়ে ১১টার দিকে উপজেলার মটমুড়া ইউনিয়নের হোগলবাড়িয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। সোমবার (২৯ জুন) সকালে বিষয়টি নিশ্চিত করেছে র্যাব-১২।

র্যাব সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্পের কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার সুদীপ্ত সরকার, পিপিএম-এর নেতৃত্বে একটি চৌকস দল ওই এলাকায় অভিযান পরিচালনা করে। অভিযানে ফারুখ হোসেনের বসতবাড়ির দক্ষিণ পাশের কাঁচা সড়কে তল্লাশি চালিয়ে ৩২ পিস ইয়াবাসহ দুইজনকে হাতেনাতে আটক করা হয়।

আটকরা হলেন, হোগলবাড়িয়া গ্রামের মৃত খলিলুর রহমানের ছেলে ফারুখ হোসেন (৫৬) এবং একই গ্রামের মৃত ওমর আলীর ছেলে রিপন আলী (৩৬)।

র্যাব জানিয়েছে, আটক ব্যক্তিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের পর সংশ্লিষ্ট থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে। পাশাপাশি মাদকের বিরুদ্ধে র্যাবের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানানো হয়েছে।

আলমডাঙ্গায় ৪০ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ মাদক কারবারি আটক

আলমডাঙ্গায় মাদকবিরোধী অভিযানে ৪০ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ এক মাদক কারবারিকে আটক করেছে থানা পুলিশ। গতকাল শুক্রবার রাতে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের সাদাব্রিজ মোড় এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক ব্যক্তি মেহেদী হাসান (৩৯)। তিনি কালিদাসপুর ইউনিয়নের দক্ষিণপাড়া গ্রামের মৃত বজলুর রহমানের ছেলে।

পুলিশ জানায় , গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার এসআই মো. আলমগীর হোসেন সঙ্গীয় ফোর্স বাহিনী নিয়ে ওই এলাকায় অভিযান চালান। এ সময় সাদাব্রিজ মোড় থেকে মেহেদী হাসানকে আটক করা হয়। পরে তার দেহ তল্লাশি করে ৪০ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া মাদকদ্রব্য জব্দ করে থানায় নিয়ে যায় পুলিশ।

পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে, আটক মেহেদীর সঙ্গে আরও চারজন সহযোগী এবং অজ্ঞাতনামা পাঁচ থেকে ছয়জন ব্যক্তি টাপেন্টাডল ট্যাবলেট বিক্রি ও মজুদের সঙ্গে জড়িত থাকতে পারেন। তাদের শনাক্তে কাজ করছে পুলিশ।

এ ঘটনায় আটক ব্যক্তি, পলাতক আসামি ও অজ্ঞাতনামা কয়েকজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ অনুযায়ী আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, কয়েকদিন আগেই মাদকের সঙ্গে সম্পর্কিত থাকার অভিযোগে শিশুদের পর্যন্ত ছাড় দেওয়া হয়নি। আলমডাঙ্গায় যে-ই হোক, মাদক বিক্রির অভিযোগ থাকলে সচেতন এলাকাবাসী আমাদের অবগত করলে সত্যতা নিশ্চিত করে তাঁর বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। মাদক ক্রেতা ও বিক্রেতাদের কোনো ছাড় নেই।

কুষ্টিয়ার দৌলতপুরে অস্ত্র ও গুলিসহ ছাত্রদল নেতা আটক

কুষ্টিয়ার দৌলতপুরে একটি বিদেশি পিস্তল, চার রাউন্ড গুলি ও একটি ম্যাগাজিনসহ ছাত্রদল নেতা সৈকত মোল্লা নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

শুক্রবার (২৬ জুন) রাত ৯টার দিকে উপজেলার ভাগযোত মাছ বাজারে

জাহিদের দোকানের সামনে পাকা সড়কে তল্লাশি চালিয়ে তার কোমর থেকে একটি বিদেশি পিস্তল, চার রাউন্ড গুলি ও একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

আটককৃত সৈকত মোল্লা (২৭) পাকুড়িয়া মহিষকুন্ডি গ্রামের গোলাম মোস্তফার ছেলে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমানের সার্বিক দিকনির্দেশনায় এসআই সৈকত, এএসআই মাজেদ, কনস্টেবল হাবিব ও কনস্টেবল আজম অভিযান পরিচালনা করে তাকে আটক করেন এবং অস্ত্র, গুলি ও ম্যাগাজিন উদ্ধার করেন।

এ বিষয়ে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ অভিযান পরিচালনা করে সৈকত নামে ওই যুবকের কাছ থেকে অস্ত্র, গুলি ও ম্যাগাজিন উদ্ধার করে। বর্তমানে তিনি পুলিশ হেফাজতে রয়েছেন। এ ঘটনায় অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন।

দামুড়হুদায় বিশেষ অভিযানে স্বেচ্ছাসেবক লীগ নেতা আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় বিশেষ অভিযান চালিয়ে আব্দুল মোমিন (৪১) নামে এক স্বেচ্ছাসেবক লীগ নেতাকে আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

পুলিশ সূত্রে জানা যায়, বৃহস্পতিবার ভোররাতে উপজেলার দলকা লক্ষীপুর গ্রামে নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়। আটক আব্দুল মোমিন দলকা লক্ষীপুর গ্রামের মুসা করিমের ছেলে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাহ উদ্দিন জানান, আব্দুল মোমিনের মোবাইল ফোনে সরকারবিরোধী বিভিন্ন কর্মকাণ্ডে সংশ্লিষ্টতার অভিযোগ পাওয়া গেছে। এ অভিযোগের ভিত্তিতেই তাকে আটক করা হয়েছে।

তিনি আরও জানান, আটক ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং বৃহস্পতিবার তাকে আদালতে পাঠানো হয়েছে। পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

মেহেরপুরে ডিবির অভিযানে গাঁজা গাছসহ আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা মাঠ এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সাড়ে সাত ফুট (৯১ ইঞ্চি) লম্বা এবং প্রায় ৪ কেজি ওজনের একটি গাঁজা গাছ উদ্ধার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ ঘটনায় এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

বুধবার বিকেল ৩টার দিকে উপজেলার ধলা মাঠ এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। আটক ব্যক্তি হলেন ধলা গ্রামের সাব্দুদ মণ্ডল। তিনি একই গ্রামের জমিরউদ্দীন মণ্ডলের ছেলে।

ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি প্রদীপ কুমার সানার নেতৃত্বে উপ-পরিদর্শক (এসআই) আলী রাজ এবং ডিবির একটি দল অভিযান পরিচালনা করে। অভিযানে সহযোগিতা করেন ধলা ক্যাম্পের পুলিশ সদস্যরা। এ সময় প্রায় সাড়ে সাত ফুট (৯১ ইঞ্চি) লম্বা ও আনুমানিক ৪ কেজি ওজনের একটি গাঁজা গাছ উদ্ধার করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি প্রদীপ কুমার সানা বলেন, “মাদক নির্মূলে জেলা গোয়েন্দা পুলিশের অভিযান নিয়মিতভাবে চলমান রয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজা গাছটি উদ্ধার করা হয়েছে। মাদকসংশ্লিষ্ট যেকোনো অপরাধের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে।”

তিনি আরও বলেন, “এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে। ডিবির উপ-পরিদর্শক (এসআই) আলী রাজ বাদী হয়ে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন। ডিবি কার্যালয়ে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে এবং গাংনী থানায় মামলা দায়েরের

প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আটক ব্যক্তিকে গাংনী থানা পুলিশের মাধ্যমে আদালতে পাঠানো হবে।”

আলমডাঙ্গায় বোমা ফাটিয়ে জমি দখলের চেষ্টা: গ্রামবাসীর হাতে ১০ জন আটক

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বাঁশবাড়ীয়া গ্রামে হিন্দু সম্প্রদায়ের মালিকানাধীন জমি জোরপূর্বক দখলের চেষ্টাকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জমি দখলের সময় বোমা বিস্ফোরণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয় গ্রামবাসীরা ১০ জনকে আটক করে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে সোপর্দ করেছেন।

বুধবার (২৪ জুন) সকাল সাড়ে ৭টার দিকে বাঁশবাড়ীয়া গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, একদল ব্যক্তি হিন্দু সম্প্রদায়ের মালিকানাধীন জমি দখলের উদ্দেশ্যে ঘটনাস্থলে প্রবেশ করে। এ সময় তারা আতঙ্ক সৃষ্টি করতে কয়েকটি বোমা সদৃশ বস্তু বিস্ফোরণ ঘটায় বলে অভিযোগ করেন এলাকাবাসী। বিকট শব্দে পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং স্থানীয় লোকজন দ্রুত ঘটনাস্থলে জড়ো হন।

পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে গ্রামবাসীরা দখলচেষ্টার প্রতিবাদ জানিয়ে অভিযুক্ত ১০ জনকে আটক করেন। পরে খবর পেয়ে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন এবং আটক ব্যক্তিদের বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু করেন।

ঘটনার পর থেকে এলাকায় চাঞ্চল্য বিরাজ করছে। স্থানীয় বাসিন্দারা অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে একটি মহল ওই জমি দখলের চেষ্টা চালিয়ে আসছিল। তারা সংখ্যালঘু সম্প্রদায়ের সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের জরুরি হস্তক্ষেপ ও দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

ঈশ্বরদীতে ৭৬ বোতল কোডিনযুক্ত ‘ইস্কাফ’সহ দামুড়হুদার এক নারী আটক

পাবনার ঈশ্বরদী রেলওয়ে জংশন স্টেশনে বিশেষ অভিযানে ৭৬ বোতল কোডিনযুক্ত মাদকদ্রব্যসহ দামুড়হুদার ছোটদুধপাতিলা গ্রামের এক নারী মাদক কারবারি কে গ্রেফতার করেছে ঈশ্বরদী রেলওয়ে থানা পুলিশ। উদ্ধারকৃত মাদকের আনুমানিক বাজারমূল্য প্রায় ২ লাখ ২৮ হাজার টাকা।

রেলওয়ে পুলিশ সূত্রে জানা যায়, ঈশ্বরদী রেলওয়ে থানার এএসআই আবু সাঈদ শুভ সঙ্গীয় ফোর্সসহ ঢাকা থেকে খুলনাগামী আন্তঃনগর চিত্রা এক্সপ্রেস ট্রেনে নিরাপত্তামূলক ডিউটিতে নিয়োজিত ছিলেন। মঙ্গলবার দিবাগত রাত ১২টা ২০ মিনিটের দিকে ট্রেনটি মুলাডুলি রেলওয়ে স্টেশন অতিক্রম করার সময় “গ” নম্বর বগিতে নিয়মিত তল্লাশি চালানো হয়।

এ সময় বগির পূর্ব পাশের করিডোরে দাঁড়িয়ে থাকা এক নারীর আচরণ সন্দেহজনক মনে হলে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়।

জিজ্ঞাসাবাদের একপর্যায়ে তার কথাবার্তায় অসঙ্গতি দেখা দিলে তাকে ঈশ্বরদী রেলওয়ে জংশন স্টেশনের ৩ নম্বর প্ল্যাটফর্মে নামিয়ে উপস্থিত সাক্ষীদের সামনে নারী কনস্টেবল সিলভিয়া বেসরার সহায়তায় তল্লাশি চালানো হয়।

তল্লাশিকালে ধৃত নারী দামুড়হুদা উপজেলার ছোট দুধপাতিলা গ্রামের আক্তার হোসেন এর স্ত্রী নাজমা খাতুন (৪৫), তার হাতে থাকা ভ্যানিটি ব্যাগ থেকে ৩২ বোতল কোডিনযুক্ত ‘ইস্কাফ’ (ESkuf) এবং শরীরে বিশেষ কৌশলে লুকিয়ে রাখা কাপড়ের পকেট থেকে ৪৪ বোতল কোডিনযুক্ত ‘উইংস’ (WINGS) নিজ হাতে বের করে দেন।

পরে উপস্থিত সাক্ষীদের সামনে মোট ৭৬ বোতল কোডিনযুক্ত মাদকদ্রব্য জব্দ করা হয়। উদ্ধারকৃত মাদকের আনুমানিক মূল্য ২ লাখ

২৮ হাজার টাকা বলে জানিয়েছে পুলিশ।

এ ঘটনায় ঈশ্বরদী রেলওয়ে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১৪(গ) ধারায় মামলা দায়ের করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামিকে বুধবার আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছে ঈশ্বরদী রেলওয়ে থানার পুলিশ।

ঈশ্বরদী রেলওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ জিয়াউর রহমান জানান, আটক আসামিকে আজ বুধবার বিজ্ঞ আদালত সোপর্দ করা হয়েছে। রেলপথে মাদক পাচার রোধে তাদের অভিযান অব্যাহত রয়েছে এবং মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করা হচ্ছে।

দামুড়হুদায় ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিক্রি, ৩ ট্রাক্টরসহ আটক ৩

চুয়াডাঙ্গা দামুড়হুদায় ফসলি জমি থেকে মাটি কেটে ইটভাটায় বিক্রির অভিযোগে তিনটি মাটি ভর্তি ট্রাক্টরসহ তিনজনকে আটক করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

আজ মঙ্গলবার (২৩ জুন) ভোর ৩টার দিকে চুয়াডাঙ্গা-জীবননগর মহাসড়কের লোকনাথপুর এলাকায় অভিযান চালিয়ে মাটি ভর্তি ট্রাক্টরগুলো আটক করা হয়।

আটককৃতরা হলেন উপজেলার ছোট দুধপাতিলা গ্রামের বাক্কা চাকলার ছেলে নাফিস হাসান (২৫),তারানিপুর গ্রামের মৃত খবির উদ্দিনের ছেলে মনিরুল ইসলাম (৩০) এবং চুয়াডাঙ্গা সদর উপজেলার দোস্ত গ্রামের মৃত আমির আলীর ছেলে রাকিব হোসেন (২৫)।

পুলিশ জানায়, আটককৃতরা জিজ্ঞাসাবাদে স্বীকার করেছেন যে, ফসলি জমি থেকে কাটা মাটি বিভিন্ন ইটভাটায় সরবরাহ করা হচ্ছিল। তারা এসব মাটি ব্রেস্ট ব্রিকস ও হেড ব্রিকসে নিয়ে যাওয়ার কথা

জানান।দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবা উদ্দিন বলেন, ভোর রাতে অভিযান চালিয়ে মাটি ভর্তি তিনটি ট্রাক্টরসহ তিনজনকে আটক করা হয়েছে।

আটক ব্যক্তিদের পাশাপাশি এ কাজে জড়িত অন্যান্য সহযোগীদের বিরুদ্ধেও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১৮ ধারা অনুযায়ী মামলার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।তিনি আরও জানান, মামলার প্রক্রিয়া সম্পন্ন করে আটক ব্যক্তিদের আজ মঙ্গলবারই আদালতে পাঠানো হয়েছে।

এই অভিযান অব্যহত থাকবে বলে ও জানান তিনি।এদিকে স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে এলাকার বিভিন্ন ফসলি জমি থেকে অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করা হচ্ছে, ফলে কৃষিজমির উর্বরতা নষ্ট হওয়ার পাশাপাশি পরিবেশেরও ক্ষতি হচ্ছে। এ ধরনের কর্মকান্ড বন্ধে প্রশাসনের নিয়মিত অভিযান অব্যাহত রাখার দাবি জানিয়েছেন তারা।

দামুড়হুদায় গ্রামবাসীর সাহায্যে দুই মাদক কারবারি আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় মাদকের বিরুদ্ধে সাধারণ মানুষের অবস্থান আরও দৃঢ় হচ্ছে। মাদকের ভয়াল বিস্তার রোধ ও যুবসমাজকে রক্ষায় সচেতন এলাকাবাসীর উদ্যোগে পৃথক অভিযানে দুই মাদক কারবারিকে আটক করে পুলিশের হাতে সোপর্দ করা হয়েছে।

আটককৃতরা হলেন উপজেলার নতিপোতা গ্রামের হযরত আলীর ছেলে খায়রুল হাসান পুলক (৪০) এবং দলকা-লক্ষ্মীপুর গয়েশপুর মাঠপাড়া এলাকার নুর ইসলামের ছেলে বিদ্যুৎ হোসেন (৩৭)।

স্থানীয় সূত্রে জানা গেছে, গত শুক্রবার রাত ৮টার দিকে খায়রুল হাসান পুলককে এবং শনিবার পৃথক অভিযানে বিদ্যুৎ হোসেনকে নিজ নিজ এলাকা থেকে আটক করেন স্থানীয় সচেতন জনগণ। পরে তাদের কাছ থেকে অবৈধ মাদকদ্রব্য উদ্ধার করে দামুড়হুদা মডেল থানার পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

পুলিশ সূত্রে জানা যায়, আটক দুই ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা দায়ের করা হয়েছে। প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে শনিবার তাদের চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে পাঠানো হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ উদ্দিন বলেন, “মাদকের ভয়াল থাবা থেকে যুবসমাজকে রক্ষা করতে এলাকাবাসী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সচেতন নাগরিকদের সহযোগিতায় দুই মাদক কারবারিকে আটক করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আদালতে প্রেরণ করা হয়েছে।”

তিনি আরও বলেন, “মাদকমুক্ত সমাজ গঠনে পুলিশ ও জনগণের সম্মিলিত উদ্যোগই সবচেয়ে বড় শক্তি। মাদক ব্যবসায়ী, সেবনকারী ও মাদকের সঙ্গে জড়িত কাউকেই ছাড় দেওয়া হবে না। এ ধরনের অপরাধের বিরুদ্ধে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলের প্রতি আহ্বান জানাই।”

স্থানীয় সচেতন মহলের মতে, মাদকের বিরুদ্ধে প্রশাসনের পাশাপাশি সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ বাড়লে সমাজ থেকে মাদকের বিস্তার অনেকাংশে রোধ করা সম্ভব হবে। এলাকাবাসীর এমন সাহসী ও দায়িত্বশীল ভূমিকা অন্যদেরও উদ্বুদ্ধ করবে এবং একটি নিরাপদ, সুস্থ ও মাদকমুক্ত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

গাংনীতে গাঁজাসহ দুই যুবক আটক

মেহেরপুরের গাংনীতে সাড়ে ৩’শ গ্রাম গাঁজাসহ ২ যুবককে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্পের সদস্যরা। শনিবার দুপুরে উপজেলার তেঁতুলবাড়ীয়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, উপজেলার খাসমহল গ্রামের মৃত সাঈদ খানের ছেলে মো: শাকিরুল ইসলাম(২৫) ও একই এলাকার সুরমান আলী মন্ডলের ছেলে ইকবাল হোসেন(২২)।

অভিযান সূত্রে জানা যায়, উপজেলার তেঁতুলবাড়ীয়া এলাকা দিয়ে মাদক

পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।এ সময় দু’জনের গতিবিধি সন্দেহজনক হলে তাদের তল্লাশি করা হয়।তল্লাশি করে তাদের নিকট থেকে ৩’শ ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।তাদের সাথে থাকা একটি পাখিভ্যানও জব্দ করা হয়েছে।

বামন্দী ক্যাম্প ইনচার্জ এসআই মো: রফিকুল ইসলাম বলেন, মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী পুলিশ ক্যাম্পের সদস্যরা তেঁতুলবাড়ীয়া এলাকায় অভিযান চালিয়ে গাঁজা সহ দু’জনকে আটক করে।এ সময় মাদক বহনের কাজে ব্যবহৃত তাদের নিকটে থাকা একটি পাখিভ্যানও জব্দ করা হয়েছে।আটকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন।